যে ব্যক্তি নিজ পিতা ছাড়া অন্যকে পিতা বলে দাবী করে, অথচ সে জানে যে, সে তার পিতা নয়, তার জন্য জান্নাত হারাম।

সা‘দ ইবন আবী অক্কাস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি নিজ পিতা ছাড়া অন্যকে পিতা বলে দাবী করে, অথচ সে জানে যে, সে তার পিতা নয়, তার জন্য জান্নাত হারাম।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

জাহিলিয়্যাতের যুগের লোকেরা করত -এমন একটি কর্ম থেকে সতর্ক করার জন্য হাদীসটি বর্ণিত। আর তা হলো যে পিতা নয় তাকে পিতা বলে দাবী করা। একজন মানুষের জন্য ওয়াজিব হলো, সে যেন তার পিতা, দাদা ও বাপের দাদা ইত্যাদির দিকে বংশের সম্পর্ক বর্ণনা করে। তার পিতা নয় এমন ব্যক্তির দিকে জেনে শোনে বংশের দাবি করা কোনো ক্রমেই হালাল হবে না। যেমন, তার পিতা অমুক গোত্রের লোক যে গোত্রে অপর গোত্র অপেক্ষা কিছু দুর্বলতা আছে। তখন সে নিজের গোত্র বাদ দিয়ে দ্বিতীয় গোত্রের সন্তান দাবি করল যা উচ্চ বংশ, যাতে নিজের গোত্রের দূর্নাম তার থেকে দূর হয়। হাদীসে এ ধরনের কর্ম যে করে তার জন্য জান্নাত থেকে বঞ্চিত হওয়ার হুমকি দেওয়া হয়েছে।

https://sunnah.global/hadeeth/bn/show/6376